২১৯ কিলোমিটার গতিতে বল! শোয়েবের রেকর্ড ভেঙেছেন হাসান?

পাকিস্তানের বিপক্ষে প্রথম টি-টোয়েন্টি ম্যাচে বাংলাদেশের ব্যাটিং ইনিংসের ঘটেছে অদ্ভুত কাণ্ড। যা দেখে সবার চোখ কপালে ওঠার জোগাড়।

ঘণ্টায় ২১৯ কিলোমিটার গতিতে বল করেছেন পাক পেসার হাসান আলি!

ক্রিকেট ইতিহাসে সর্বোচ্চ গতির বলের রেকর্ড ঘন্টায় ১৬১.৩ কিলোমিটার। আর সেই রেকর্ডটি করেন পাকিস্তানের রাওয়ালপিণ্ডি এক্সপ্রেস খ্যাত পেসার শোয়েব আখতার। কেপটাউনের নিউল্যান্ডসে ইংল্যান্ডের বিপক্ষে ২০০৩ সালে এই রেকর্ডটি গড়েন তিনি।

গত ১৮ বছরেও এতো গতির বল করতে পারেননি আর কোনো পেসার।

অথচ শুক্রবার বাংলাদেশের ব্যাটিংয়ের দ্বিতীয় ওভারে একটি বলের গতি স্পিডগানে ধরা পড়ে ২১৯ কিমি অর্থাৎ ১৩৬.১ মাইল প্রতি ঘণ্টা!

নাজমুল হোসেন শান্তর বিপক্ষে বলটি করেন হাসান আলি। তবে কি স্বদেশী শোয়েব আখতারের ১৮ বছরের অক্ষুণ্ন রেকর্ড ভেঙে দিলেন হাসান! আর এতো গতির বল করা কি কোনো মানুষের পক্ষে সম্ভব।

না, অবশ্যই সম্ভব নয়। আর শোয়েবের রেকর্ডও ভাঙতে পারেননি হাসান আলি। তার গতির ধারেকাছেও যেতে পারেননি।

পুরো বিষয়টাই ঘটেছে যান্ত্রিক ত্রুটির কারণে। হাসান আলির ওই বলের গতিবেগ মাপতে ভুল করেছিল স্পিডগান। আর তাতেই যত বিভ্রান্তি। সে বলের গতি ১৩০ কিলোমিটারেরই উপরে ছিল না।

পরের বলেই স্পিডগান বলের গতি সংশোধন করে নিলেও ক্রিকেটপ্রেমীদের চোখ এড়ায়নি। ঘটনার ভিডিও আর স্ক্রিনশট নিয়ে সোশ্যাল মিডিয়ায় ভাইরাল করে দিয়েছেন অনেকে। এ নিয়ে মজার মজার টুইট করেছেন কেউ কেউ।

আফিফ-সোহানের বিদায়ে আরও বিপদে বাংলাদেশ

দ্রুত ৫ উইকেট হারানোর পর বিশ্বকাপে ব্যর্থ নুরুল হাসান সোহানও বেশ হাত খুলে মারার চেষ্টা করেছিলেন। শাদাব খান এবং ওয়াসিমের বলে দুটি ছক্কাও মারেন। তার ইনিংস যখন আশা জাগাচ্ছে, তখন ফের ছন্দপতন। ২২ বলে ২ ছক্কায় ২৮ রান করা সোহানকে রিজওয়ানের গ্লাভসবন্দি করেন হাসান আলী। ১৭তম ওভারে দলীয় ৯৬ রানে ৬ষ্ঠ উইকেটের পতন।

আজ শুক্রবার মিরপুর শেরে বাংলা জাতীয় স্টেডিয়ামে টস জিতে ব্যাটিং বেছে নেয় বাংলাদেশ। করোনা পরবর্তী সময়ে বহুদিন পর মিরপুরে ফিরেছে দর্শক। ঘরের মাঠে দর্শকদের সাথে নিয়েও ব্যাটিংয়ে সুবিধা করতে পারেনি বাংলাদেশ। দলীয় ৩ রানে হাসান আলীর বলে উইকটকিপার রিজওয়ানের গ্লাভসবন্দি হন মোহাম্মদ নাঈম (৩ বলে ১)। হুট করে সুযোগ পাওয়া আরেক ওপেনার সাইফ হাসানও ১ রান করে ফিরেন মোহাম্মদ ওয়াসিমের বলে ফখর জামানের হাতে ক্যাচ দিয়ে।

দলের ধসের শুরুটা হয় এভাবেই। নাজমুল হাসান শান্ত আজও সমালোচনার জবাব দিতে পারেননি। আউট হয়েছেন ১৪ বলে ৭ রান করে। তাকে কট অ্যান্ড বোল্ড করে দেন ওয়াসিম। ১৫ রানে ৩ উইকেট হারায় বাংলাদেশ। এরপর আফিফ হোসেনকে নিয়ে জুটি গড়ার চেষ্টা করেন অধিনায়ক মাহমুদউল্লাহ। কিন্তু সেই চেষ্টা ব্যর্থ হয়। রিয়াদ ১১ বলে ৬ রান করে মোহাম্মদ নেওয়াজের বলে বোল্ড হন। ৪০ রানে ৪ উইকেটের পতন। বাংলাদেশের ইনিংসের অর্ধেক শেষ হয় আফিফ হোসেনের বিদায়ে। শাদাব খানের বলে উইকেটের পেছনে ক্যাচ দেওয়ার আগে আফিফ ৩৪ বলে ২ চার ২ ছক্কায় করেন ৩৬ রান।

[redacted]

[redacted]

[redacted]

[

টিকিট নিয়ে চলে গেলেন, কিছুই বুঝলাম না।’

পাশ থেকে আরেকজন বলেন, ‘হারুক-জিতুক সব সময় বাংলাদেশের পাশে আছি। টিকিট না পেলে হতাশ হয়ে বাড়ি ফেরা ছাড়া কিছুই করার থাকবে না।’

টিকিট প্রত্যাশীদের অভিযোগ নিয়ে মিরপুর ও পল্লবী জোনের সিনিয়র সহকারী পুলিশ কমিশনার মো. মাহবুবুর রহমান বলেন, ‘পরিস্থিতি স্বাভাবিক। টিকিট বিক্রি নিয়ে অনিয়মের কোনো অভিযোগ কেউ আমার কাছে করেনি। করোনা প্ররিস্থিতি অনেকটাই নিয়ন্ত্রণে, এজন্য সামাজিক দূরত্ব মানার বিষয়টি কিছুটা শিথিল করা হয়েছে।’

এই সিরিজে পাঁচ ক্যাটাগরিতে টিকিট ছেড়েছে বিসিবি। টিকিটের সর্বোচ্চ দাম এক হাজার টাকা (গ্র্যান্ড স্ট্যান্ড)। সর্বনিম্ন ১০০ (পূর্ব গ্যালারি)।

এছাড়া ভিআইপি স্ট্যান্ড পাঁচশ, ক্লাব হাউস তিনশ, দক্ষিণ-উত্তর গ্যালারির টিকিট পাওয়া যাবে ১৫০ টাকায়। পর্যাপ্ত টিকিট থাকলে ম্যাচের দিন স্টেডিয়াম সংলগ্ন বুথে পাওয়া যাবে।

মিরপুর স্টেডিয়ামের ধারণক্ষমতার ৫০ শতাংশ টিকিট ছাড়া হবে। টিকিট কেনা ও মাঠে প্রবেশের সময় দর্শকদের কোভিড টিকা নেওয়ার সনদপত্র দেখাতে হবে। তবে ১৮ বছরের কম বয়সিদের তাদের শিক্ষা প্রতিষ্ঠানের পরিচয়পত্র দেখালেই চলবে।

অশ্লীলকাণ্ড নিয়ে তুমুল বিতর্ক, নেতৃত্ব ছাড়লেন অস্ট্রেলিয়ার অধিনায়ক

মর্যাদার লড়াই অ্যাশেজ সিরিজ শুরুর তিন সপ্তাহ আগে অস্ট্রেলিয়ার টেস্ট অধিনায়কত্ব ছাড়লেন টিম পেইন।

শুক্রবার হোবার্টে এক সংবাদ সম্মেলনে এই ঘোষণা দিয়ে কান্নায় ভেঙে পড়েন পেইন।

সংবাদ সম্মেলনে পেইন বলেন, ‘আমি অস্ট্রেলিয়ার পুরুষ দলের টেস্ট অধিনায়কের পদ থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছি। এটা অত্যন্ত কঠিন একটি সিদ্ধান্ত। তবে আমার মতে, ব্যক্তিগতভাবে আমার জন্য, আমার পরিবারের জন্য এবং ক্রিকেটের স্বার্থে এটাই সঠিক সিদ্ধান্ত।’

পেইনের এমন সিদ্ধান্তের পেছনে রয়েছে চার বছর আগের সেই কেলেঙ্কারির ঘটনা।

২০১৭ সালে তাসমানিয়া ক্রিকেটের এক সাবেক কর্মীকে ‘সেক্সটিং’র অভিযোগ উঠেছে তার বিরুদ্ধে। যৌন উস্কানিমূলক ম্যাসেজ পাঠিয়েছিলেন তিনি।

অস্ট্রেলিয়ার অন্যতম গণমাধ্যম দ্য হেরাল্ড সানের রিপোর্ট অনুযায়ী, ২০১৭-১৮ সালের অ্যাসেজ সিরিজের আগে নারী সহকর্মীকে নিজের পুরুষাঙ্গের ছবি এবং বেশ কিছু যৌন উস্কানিমূলক ম্যাসেজ পাঠিয়েছিলেন পেইন। এরপর সেই নারী পেইনের বিরুদ্ধে অশ্লীল কাণ্ড ঘটনোর অভিযোগ আগে। পেইনের বিরুদ্ধে তদন্তে নামে ক্রিকেট অস্ট্রেলিয়া। তদন্তে দোষী প্রমাণিত হন ৩৬ বছর বয়সি অজি উইকেটকিপার ব্যাটার।

বিশ্বকাপ খেলবে না নিউজিল্যান্ড, কপাল খুলল স্কটল্যান্ডের

২০২২ সালে ফের বসছে অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের আসর। কিন্তু সেটিতে দেখা যাবে না নিউজিল্যান্ডের যুবাদের। এতে কপাল খুলেছে স্কটল্যান্ডের। বাছাইপর্ব পেরোতে না পারলেও তাদের অনূর্ধ্ব-১৯ দল সুযোগ পেয়ে গেল ২০২২ সালের বিশ্বকাপে।

করোনা মহামারিতে নিউজিল্যান্ডে চলমান বিধিনিষেধের কারণেই এমনটি ঘটতে যাচ্ছে।

নিউজিল্যান্ডে এখনও করোনা বিধিনিষেধ পুরোপুরি শিথিল হয়নি। কঠোর কোয়ারেন্টিন রীতিতে নমনীয়তা আনেনি তারা।

দেশের বাইরে যাওয়ার আগে ও বাইরে থেকে কেউ নিউজিল্যান্ডে গেলে এই কঠোর কোয়ারেন্টিন পালন করতে হয়।

কিউই ক্রিকেট বোর্ডের ধারণা, জুনিয়ররা অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে অংশগ্রহণ করলে তাদের অত্যধিক সময় কোয়ারেন্টিনে কাটাতে হবে, যা স্বাস্থ্যের ওপর ক্ষতিকর প্রভাব ফেলতে পারে। সেই কথা মাথায় রেখেই বিশ্বকাপে নিউজিল্যান্ড অংশ নেবে না বলে ঠিক করেছে।

মূলত এ কারণেই আগামী বছরের অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ থেকে নিজেদের নাম সরিয়ে নিয়েছে নিউজিল্যান্ড।

আগামী ১৪ জানুয়ারি থেকে ৫ ফেব্রুয়ারি পর্যন্ত হবে ২০২২ সালের যুব বিশ্বকাপ। ১৪তম আসরে চার গ্রুপে ভাগ হয়ে লড়বে ১৬টি দল। আর এবার ১৬তম দল হিসেবে যোগ দিচ্ছে স্কটল্যান্ড।

স্কটল্যান্ড ছাড়াও এই বিশ্বকাপ দিয়ে বিশ্ব আসরে অভিষেক হতে চলেছে উগান্ডার। চার গ্রুপে ভাগ হয়ে লড়বে ১৬টি দল।

ক্যারিবীয় দ্বীপপুঞ্জের চারটি দেশ অ্যান্টিগা এন্ড বারবুদা, গায়ানা, সেইন্ট কিটস এন্ড নেভিস ও ত্রিনিদাদ এন্ড টোবাগোর ১০ মাঠে হবে বিশ্বকাপের সব খেলা।

অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ-২০২২ এর গ্রুপ-

গ্রুপ এ: বাংলাদেশ, ইংল্যান্ড, কানাডা, সংযুক্ত আরব আমিরাত
গ্রুপ বি: ভারত, আয়ারল্যান্ড, দক্ষিণ আফ্রিকা, উগান্ডা
গ্রুপ সি: আফগানিস্তান, পাকিস্তান, পাপুয়া নিউগিনি, জিম্বাবুয়ে গ্রুপ ডি: অস্ট্রেলিয়া, স্কটল্যান্ড, শ্রীলংকা, ওয়েস্ট ইন্ডিজ

[redacted]

[redacted]

[redacted]

[

গোলাম, সউদ শাকিল, মোহাম্মদ রিজওয়ান (উইকেটরক্ষক), সরফরাজ আহমেদ (উইকেটরক্ষক), ফাহিম আশরাফ, মোহাম্মদ নাওয়াজ, বিলাল আসিফ, হাসান আলী, মোহাম্মদ আব্বাস, নাসিম শাহ, নোমান আলী, সাজিদ খান, শাহীন শাহ আফ্রিদি ও জাহিদ মাহমুদ।

হেরে পর্তুগালের বিশ্বকাপ অনিশ্চিত, হতাশায় কাঁদলেন রোনাল্ডো

ড্র করলেই মিলবে বিশ্বকাপের টিকিট— এমন সহজ সমীকরণ নিয়ে মাঠে নেমেও সমর্থকদের হতাশ করল পর্তুগাল।

শেষ মুহূর্তের গোলে ক্রিশ্চিয়ানো রোনাল্ডোদের কাঁদিয়ে কাতার বিশ্বকাপের টিকিট কাটল সার্বিয়া।

লিসবনে রোববার রাতে ইউরোপ অঞ্চলের বাছাইয়ে ‘এ’ গ্রুপের ম্যাচে নাটকীয় জয় পেয়েছে ড্রাগন স্টকোভিচের দল।

প্রথমে পিছিয়ে থেকেও সমতায় ফেরে সার্বিয়া। এর পর শেষ মুহূর্তে পর্তুগালের জালে বল জড়িয়ে দিয়ে ২-১ গোলে জয় নিশ্চিত করে দলটি।

আট ম্যাচে ২০ পয়েন্ট নিয়ে গ্রুপের শীর্ষে থেকে সার্বিয়া সরাসরি ২০২২ বিশ্বকাপে জায়গা করে নিয়েছে। হতাশায় মুষড়ে পড়লেও পর্তুগালের আশা এখনও জিইয়ে আছে।

কাতার বিশ্বকাপে ঠাঁই পেতে তাদের পার হতে হবে প্লে-অফের কঠিন বৈতরণী।

রোববারের ম্যাচে ঘরের মাঠে পর্তুগালের সেরা তারকা ক্রিশ্চিয়ানো রোনাল্ডো ছিলেন একেবারেই ম্লান। নিজের ছায়া থেকে বের হতে পারেননি।

যদিও শুরুতে রেনাতো সানচেসের গোলে লিড নেন পর্তুগিজরা।

ম্যাচ শুরুর মাত্র ২ মিনিটে ডি-বক্সের বাইরে ফাঁকায় বল পেয়ে বের্নার্দো সিলভা পাস দেন রেনাতো সানচেসকে। সুযোগ হাতছাড়া করেননি সানচেস। ডি-বক্সে ঢুকে ডান পায়ের শটে গোলরক্ষককে পরাস্ত করেন লিলের এই মিডফিল্ডার।

১৩তম মিনিটে সমতায় ফিরতে পারত সার্বিয়া। কিন্তু স্ট্রাইকার দুসান ভ্লাহোভিচের শট দূরের পোস্টে লাগে।

পরের মিনিটে সুযোগ পান রোনাল্ডো। তার দূরপাল্লার শট ঠেকিয়ে দেন সার্বিয়া গোলরক্ষক। এর কিছু পর তার ফ্রি-কিক ক্রসবারের ওপর দিয়ে উড়ে যায়।

৩৩তম মিনিটে পর্তুগিজ গোলরক্ষক রুই পাত্রিসিওর অন্যমনস্কতায় সমতায় ফেরে সার্বিয়া। দুসান তাদিচের শট দানিলো পেরেইরার গায়ে লেগে পাত্রিসিওর হাত ছুঁয়ে গোললাইন পেরিয়ে যায়।

১-১ সমতায় প্রথমার্ধ শেষ করে দুদল। দ্বিতীয়ার্ধে নেমে অনেকটা রক্ষণাত্মক হয়ে যায় সার্বিয়া।

তবে শেষ দিকে পর্তুগিজ শিবিরে হানা দেন তারা। নির্ধারিত সময়ের শেষ মিনিটে রোনাল্ডোদের স্বপ্ন ভেঙে চূরমার করে দেন দ্বিতীয়ার্ধে বদলি নামা স্ট্রাইকার আলেক্সান্দার মিত্রোভিচ।

সতীর্থের ক্রসে দূরের পোস্টে হেডেই জয়সূচক গোলটি করেন তিনি। হতাশায় মাঠেই বসে পড়েন রোনাল্ডোরা।

ম্যাচ হাইলাইটস দেখুন—

নামাজ পড়তে বাধা, ‘বোমাবাজ’ বলে ডাকা হতো ক্রিকেটারকে

ফের বর্ণবাদ বিতর্কে উত্তাল ইংলিশ ক্রিকেটাঙ্গন। সম্প্রতি পাকিস্তানি বংশোদ্ভূত মুসলিম ক্রিকেটার আজিম রফিকের বর্ণবাদের অভিযোগে বিবিসির রেডিও শো থেকে বিতাড়িত হয়েছেন ইংল্যান্ডের

সাবেক অধিনায়ক মাইকেল ভন। একই অভিযোগে পদত্যাগ করেছেন কাউন্টি দল ইয়র্কশায়ারের চেয়ারম্যান রজার হাটন।

সেই ঘটনা নিয়ে যখন ইংলিশ ক্রিকেটে তোলপাড় চলছে, তখন বর্ণবাদ আচরণের আরও এক গুরুতর অভিযোগ নিয়ে হাজির এসেক্সের সাবেক মুসলিম ক্রিকেটার জোহেব শরিফ।

৯/১১ ঘটনার পর দিন থেকে তাকে ‘বোমাবাজ’ বলে ডাকা হতো বলে অভিযোগ করেছেন শরিফ। তাকে হেয় করতে ‘কারি মাঞ্চার’ সম্বোধন করতেন সতীর্থরা। এ ছাড়া স্বস্তিতে নামাজ পড়তেও বাধা দেওয়া হতো তাকে।

ইংলিশ কাউন্টি ক্রিকেটে আজিম রফিকের বর্ণবাদের অভিযোগের বিষয়ে কথা বলতে গিয়ে সম্প্রতি ব্রিটিশ ট্যাবলয়েড দ্য মিররকে নিজের তিক্ত অভিজ্ঞতার কথা জানান জোহেব শরিফ।

এক সাক্ষাৎকারে পাকিস্তানি বংশোদ্ভূত শরিফ বলেন, ‘রফিকের সঙ্গে আমার অভিজ্ঞতায় অনেক মিল খুঁজে পাচ্ছি। যা হচ্ছে, তাতে রফিক খুব ভালোভাবে সবার নজরে এনেছেন। সেপ্টেম্বরের ১১ তারিখে যুক্তরাষ্ট্রের টুইন টাওয়ার ও পেন্টাগনে সন্ত্রাসী হামলার পর দিন আমি অনুশীলন করতে মাঠে যাই। সেদিনই আমার এসেক্সের সতীর্থরা আমাকে বোমাবাজ বলে ডাকা শুরু করেন। শুধু তাই নয়, তখন কারি মাঞ্চার বলে ডাকার বিষয়টিও ওদের কাছে অনেক স্বাভাবিক ছিল। তারা ঠাট্টা-মশকরা করে আমাকে বোমাবাজ বললেও আমার কাছে বিষয়টি বর্ণবাদ আচরণই মনে হয়েছে। সেই সময় আমি কিছু বলিনি। তরুণ সদস্য ছিলাম। ওই সময়ে আপনি এমন কিছু করতে চাইবেন না, যাতে মূল দলে যাওয়ার সুযোগ বাধাগ্রস্ত হয়।’

শুধু কটাক্ষেই নয়, ধর্মীয় আচার-রীতি পালনেই বাধা পেতেন বলে জানান জোহেব শরিফ। তাকে নামাজ পড়ার সুযোগ দেওয়া হতো না বলে অভিযোগ করেন তিনি।

৩৮ বছর বয়সি এ সাবেক ক্রিকেটার বলেন, ‘মুসলিম হিসেবে নামাজ পড়ার জন্য মাঠের এক কোনা বেছে নিতাম। সেখানে আমাকে নামাজ পড়তে দেওয়া হতো না। এক সিনিয়র খেলোয়াড় বলতেন, এভাবে নামাজ পড়লে দেখতে খারাপ লাগে। তাই আমি গাড়ির মধ্যেই নামাজ পড়তাম।’

পূর্ব লন্ডনের লেটনস্টোনে জন্ম শরীফের। তার বাবা-মা পাকিস্তানের। আট বছর বয়স থেকে এসেক্সের হয়ে খেলা শুরু করেন শরীফ।

মূল দলের হয়ে ২০০১ সালে অভিষেক হয় তার।

এসেক্সের দ্বিতীয় দলে ২০০৪ সালে ১০১ গড়ে রান করেছেন। ২০ উইকেট শিকার করেন। এমন দুর্দান্ত অলরাউন্ডিং পারফরম্যান্সের পরও মূল দলের হয়ে মাত্র চার ম্যাচ খেলার সুযোগ পেয়েছিলেন শরীফ।

মেহেরপুরে বয়স ভিত্তিক ক্রিকেটার বাছাই অনুষ্ঠিত

বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি’র) বয়স ভিত্তিক মেহেরপুর জেলা দল গঠনের লক্ষ্যে খেলোয়াড় বাছাই অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল থেকে মেহেরপুর জেলা স্টেডিয়ামে এ বাছাই অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ক্রিকেট বোর্ডের দেশব্যাপী বয়স ভিত্তিক জেলা দল গঠন করা হয়। মেহেরপুরে অনুর্ধ্ব-১৪, অনুর্ধ্ব-১৬ এবং অনুর্ধ্ব-১৮ ক্রিকেট দল বাছাই করা হয়।

বাছাই অনুষ্ঠান পরিচালনা করেন খুলনা বিভাগীয় কোচ মনোয়ার আলী মনু, বিসিবি’র সিনিয়র এক্সিকিউটিভ জাভেদ ইসলাম তাপস, বিসিবি’র মেডিকেল অফিসার দেলোয়ার হোসেন, মেহেরপুর জেলা কোচ হাসানুজ্জামান হিলন। পরবর্তীতে খেলোয়াড়দের মেডিকেলের মাধ্যমে চুড়ান্ত বাছাই করে জেলা দল ঘোষণা করা হবে।

বাংলাদেশ ক্রিকেট বোর্ড প্রতিবছর বয়স ভিত্তিক ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করে থাকে। এ টুর্নামেন্টে দেশের বিভিন্ন জেলার ক্রিকেট দল গ্রুপ পর্বে অন্য জেলা দলের মুখোমুখি হবে। বয়সভিত্তিক জেলা দলের মধ্য থেকে প্রতিভাবান খেলোয়াড় বাছাই করা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

চলে যেত বলে আফসোস শহিদ আফ্রিদির।

অমন ওভারের জন্য শাহিন অবশ্য তেমন একটা সমালোচনার শিকার হননি নিজ দেশে। পাক সমর্থকদের ভাষ্য, শাহিন ঠিকই নিজের কাজটা করেছিলেন। তার বলে সীমানায় ক্যাচ তুলে দিয়েছিলেন ম্যাথু ওয়েড। সেটি হাসান আলি লুফে নিলে পরের তিন বলে তিন ছক্কা হজম করতে হতো না। ম্যাচভাগ্য অন্যরকমও হতে পারত।